# Telephone Conversation between Prime Minister Shri Narendra Modi and Prime Minister of UK The Rt Hon Boris Johnson

January 05, 2021

## বৃটেনের প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা

**জানুয়ারী 05, 2021**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ব্রিটিশ প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

আসন্ন সাধারণতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো প্রধানমন্ত্রী জনসন ভারতকে ধন্যবাদ জানিয়েছেন কিন্তু বৃটেনে কোভিড -১৯ এর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে এই অনুষ্ঠানে যোগ দিতে না পারার কারণে তিনি দুঃখ প্রকাশ করেছেন । অদূর ভবিষ্যতে তিনি ভারত সফরের জন্য তাঁর আগ্রহ প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, বৃটেনের পরিবর্তিত এই ব্যতিক্রমী পরিস্থিতির কথা তিনি বুঝতে পেরেছেন এবং এই মহামারীর দ্রুত নিয়ন্ত্রণ করা যাবে বলে আশা প্রকাশ করেছেন। শীঘ্রই পরিস্থিতি স্বাভাবিক হলে শ্রী মোদী ব্রিটিশ প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত জানাতে পারবেন বলে আশা প্রকাশ করেছেন।

সারা পৃথিবীর জন্য কোভিড-১৯ টিকার ব্যবস্থা সহ অন্যান্য বিভিন্ন বিষয়ে দুই দেশের মধ্যে সহযোগিতার প্রসঙ্গে উভয় নেতা মতবিনিময় করেছেন। কোভিড পরবর্তী সময়ে ব্রেক্সিট উত্তরকালে তারা ভারত ও বৃটেনের মধ্যে অংশীদারিত্বের বিভিন্ন সম্ভাবনার বিষয়ে তাদের বিশ্বাস পুনর্ব্যক্ত করেছেন এবং এই সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য একটি সর্বাঙ্গীণ পরিকল্পনা তৈরি করতে একযোগে কাজ করার প্রসঙ্গে সহমত পোষণ করেছেন ।

**নিউ দিল্লি**
**জানুয়ারী 05, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.